# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৪৬ তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০২৩

## সংবাদ বিজ্ঞপ্তি:

## ক্ষমতার অপব্যবহারকারী ও জনগণের নিরাপত্তার জন্য ক্ষতিকর কর্মকান্ডে লিপ্ত থাকাদের কঠোরভাবে দমন করা প্রয়োজন

গণমাধ্যমে প্রকাশিত "নারীকে ধর্ষণের অভিযোগ ইউপি সদস্যের বিরুদ্ধে" শীর্ষক ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকর্ষণ হয়েছে। প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, স্বামীকে বেঁধে রেখে এক নারী শ্রমিককে ধর্ষণ করেন চট্টগ্রামের সীতাকুন্ডের একটি ইউনিয়ন পরিষদের সদস্য রবিন চৌধুরী। জাতীয় মানবাধিকার কমিশন মনে করে, একজন জনপ্রতিনিধির দায়িত্ব জনগণের জান-মাল ও সম্ভ্রমের সুরক্ষা নিশ্চিত করা। সেটা না করে উল্টো নৈতিক অধঃপতন ও ধর্ষণের মত গুরুতর অপরাধ করা ও জনগণের নিরাপত্তার জন্য হুমকিমূলক কর্মকান্ডে লিপ্ত থাকা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। কমিশন মনে করে, ক্ষমতার অপব্যবহারকারী ও জনগণের নিরাপত্তার জন্য ক্ষতিকর ও অনৈতিক কর্মকান্ডে লিপ্ত থাকা সকল অপরাধীকেই কঠোরভাবে দমন করা প্রয়োজন। উল্লেখ্য যে, জাতীয় মানবাধিকার কমিশন থেকে সংশ্লিষ্ট থানায় যোগাযোগ করা হলে জানা যায় যে, ইউপি সদস্য রবিন চৌধুরীর বিরুদ্ধে মামলা হয়েছে এবং তাকে গ্রেপ্তার করা হয়েছে। এ ব্যাপারে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করে অভিযুক্তের শাস্তি নিশ্চিত করার জন্য কমিশন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রতি আহবান জানায়।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ
উপপরিচালক
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ